

15

১

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
দুর্নীতির অভিযোগে
পরীক্ষকের পদত্যাগ
(নিজস্ব বার্তা পরিবেশক)
চট্টগ্রাম, ৩০শে মার্চ।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিগ্রী (পাস) পরীক্ষায় দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ এনে একজন পরীক্ষা কমিটির সদস্য পদত্যাগ করেছেন। তবে তা এখনো গৃহীত হয়নি।
সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ১৯৮৯ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার বাংলা বিষয়ের পরীক্ষা কমিটির সদস্য বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক এ কে এম নূরুল (শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

দুর্নীতির অভিযোগে
(১ম পাতার পর)
ইসলাম গত ১০ই মার্চ, একাডেমিক কাউন্সিলের কাছে তার পদত্যাগপত্র পেশ করেছেন।
পদত্যাগপত্রে অভিযোগ করা হয়, পরীক্ষা কমিটির সভাপতি ও অপর সদস্য বিভিন্ন বিষয়ে দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন। বাংলা বিষয়ের দুটি পত্রে কতজন পরীক্ষার্থী ও পরীক্ষক রয়েছে এবং পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে প্যানেল তৈরীতে স্বজনপ্রীতির আশ্রয় নেয়ারও অভিযোগ রয়েছে। এমন কি অভিযোগকারীর অজান্তসারে প্রশ্নকর্তা ও পরীক্ষক নিয়োগ করা হয়েছে।
পদত্যাগপত্রে পরীক্ষা কমিটির কাজ সঠিকভাবে না হবার বিষয়ে কর্তৃপক্ষীয় ব্যবস্থা গ্রহণ ও তদন্তের দাবী জানানো হয় এবং এই কমিটির সঙ্গে সম্পর্ক না থাকার উল্লেখ করা হয়।